

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
অধ্যক্ষের কার্যালয়  
সরকারি কয়ার্স কলেজ, চট্টগ্রাম

নং- স্কককচ/এ-৫৯(প্রিলি)/২০১৮/ ২০২৬

তারিখ : ১০.০৬.২০১৮ খ্রি.

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি

২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা বিষয়ে ভর্তিচ্ছু ছাত্র/ছাত্রীদের অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন সংগ্রহ ও জমাদান সংক্রান্ত নিয়মাবলী নিম্নরূপ :

১। ভর্তির যোগ্যতা :

- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০০৪ সাল হতে ২০১৬ সাল পর্যন্ত তিন বছর মেয়াদী স্নাতক পাস নিয়মিত/প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ অথবা চার বছর মেয়াদী স্নাতক (সম্মান) পরীক্ষায় পাস ডিগ্রী প্রাপ্তিরা আবেদন করতে পারবে এবং ভর্তিচ্ছু বিষয়ে (৪০০ নম্বর সম্বলিত) ন্যূনতম ৪০% নম্বর অথবা সিজিপিএ পদ্ধতিতে ন্যূনতম জিপিএ ২.০০ থাকতে হবে।
  - জাতীয় বিশ্ববিদ্যালয়ের সার্টিফিকেট কোর্স (৪০০ নম্বর সম্বলিত) পরীক্ষায় উত্তীর্ণ প্রাপ্তিরা উক্ত প্রোগ্রামে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে পারবে।
  - উল্লেখ্য যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে রেজিস্ট্রেশন প্রাপ্ত শিক্ষার্থীদের ক্ষেত্রে ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষে প্রণীত মাস্টার্স ১ম পর্বের পুরাতন সিলেবাস অনুযায়ী পরীক্ষা গ্রহণ করা হবে।
  - আবেদনের যোগ্যতা থাকা সাপেক্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর সংশ্লিষ্ট দপ্তর হতে অনুমতি গ্রহণ ও উত্তম আচরণের প্রত্যয়ন পত্র দাখিল সাপেক্ষে কারাবন্দিগণও আবেদন করতে পারবে।
  - বাংলাদেশ প্রতিরক্ষা বাহিনী সদস্য প্রয়োজনীয় যোগ্যতা থাকা সাপেক্ষে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে পারবে।
  - জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে মাস্টার্স ১ম পর্ব (নিয়মিত/প্রাইভেট) পরীক্ষায় উত্তীর্ণ অথবা উক্ত প্রোগ্রামে বর্তমানে অধ্যয়নরত শিক্ষার্থী ২০১৭-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে আবেদন করতে পারবে না। এছাড়াও জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অন্য যেকোন শিক্ষাকার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। উক্ত শর্ত ভঙ্গ করে কোন শিক্ষার্থী দ্বৈত ভর্তি হলে আর উভয় ভর্তি বাতিল করার অধিকার জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
- ২। ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) প্রোগ্রামে একটি বিষয়ে সর্বোচ্চ ১০০০(এক হাজার) শিক্ষার্থী আবেদন করতে পারবে।

৩। আবেদনপত্র সংগ্রহের নিয়ম :

- শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট Website -www.admissions.nu.edu.bd এর Masters Tab এ গিয়ে Apply Now(Masters Pri.) অপশনে ক্লিক করতে হবে এবং Websiteএ প্রদর্শিত তথ্য হতে স্নাতক পরীক্ষার রোল নম্বর রেজিঃ নম্বর ও পাশের সন সঠিকভাবে এন্ট্রি দিতে হবে। এই পর্যায়ে আবেদনকারী অনলাইনে সংরক্ষিত ডাটাবেজ এর তথ্য অনুযায়ী Male/Female প্রদর্শিত হবে। আবেদনকারীর তথ্য ছকে Male এর স্থলে Female বা Female এর স্থলে Male প্রদর্শিত হলে Click to Change অপশনে গিয়ে সঠিক তথ্য দিতে হবে। আবেদনকারী তাঁর পছন্দ অনুযায়ী বিভাগ ও জেলা নির্ধারণ করে যেকোন কলেজের নাম সিলেক্ট করলে সংশ্লিষ্ট কলেজের প্রার্থীর ভর্তির যোগ্য (Eligible) বিষয়ের তালিকা ও আসন সংখ্যা দেখতে পাবে এবং উক্ত তালিকা থেকে সতর্কতার সঙ্গে তাঁর প্রার্থিত বিষয়ে পছন্দক্রম নির্ধারণ করবে। এই পছন্দক্রম অনুসারে মেধার ভিত্তিতে বিষয় বরাদ্দ দেয়া হবে। এ পর্যায়ে আবেদন ফরমে শিক্ষার্থীর ছবি স্ক্যান করে আপলোড করতে হবে এবং Submit অপশনে গিয়ে ফরম Download করে (ফরম কলেজে জমা দেয়ার আগে) জাতীয় বিশ্ববিদ্যালয় নির্ধারিত আবেদন ফি বাবদ ১১৫০/- (এক হাজার একশত পঞ্চাশ) টাকা ১২/০৬/২০১৮ খ্রি. তারিখ হতে ০৫/০৭/২০১৮ খ্রি. তারিখের মধ্যে যেকোন শিওরক্যাশ এজেন্টের মাধ্যমে পরিশোধ করতে হবে।
- ফি জমাদানের সময় হিসাববিজ্ঞান বিষয় হলে Acc এবং ব্যবস্থাপনা বিষয় হলে Mgt লিখতে হবে।
- শিওরক্যাশ কী-ওয়ার্ড= COMNU আবেদন ফরমের রোল নম্বর Student ID হিসেবে গণ্য হবে।
- আবেদন ফরমের ওপর Transaction ID এবং মোবাইল নম্বর অবশ্যই লিখতে হবে।

৪। আবেদন ফরম জমা দেয়ার তারিখ ও সময় :


বিষয়	তারিখ ও সময়	ফরম জমার স্থান
হিসাববিজ্ঞান	৩০/০৬/২০১৮, ০১/০৭/২০১৮	কলেজ অডিটোরিয়াম
ব্যবস্থাপনা	০২/০৭/২০১৮, ০৩/০৭/২০১৮	

৫। আবেদন ফরম জমা দেয়ার সময় যে সকল কাগজপত্র জমা দিতে হবে:-


- এস.এস.সি সম্মান/এইচএসসি/সম্মান পরীক্ষা পাশের মূল সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি।
- স্নাতক (পাস)/(স্নাতক সম্মান) পরীক্ষা পাশের মূল/সাময়িক সনদ ও নম্বরপত্রের সত্যায়িত ফটোকপি;
- ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক চারিত্রিক সনদ।
- স্নাতক (পাস)/(স্নাতক সম্মান) কোর্সের রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- সার্টিফিকেট কোর্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মূল/সাময়িক সনদপত্র, নম্বরপত্র এবং রেজিস্ট্রেশন কার্ডের সত্যায়িত ফটোকপি।
- প্রতিরক্ষা বাহিনীতে কর্মরত প্রার্থীগণকে 'শিক্ষাছুটি' দেয়া হবে' মর্মে বিভাগীয় প্রধানের সনদপত্র।

বিশেষ দ্রষ্টব্য : জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে যে কোন শিক্ষা কার্যক্রমে বর্তমানে অধ্যয়নরত কোন শিক্ষার্থী এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবেনা।

প্রতিস্বাক্ষর:



প্রফেসর মোহাম্মদ আইয়ুব হুইয়া  
অধ্যক্ষ  
সরকারি কয়ার্স কলেজ, চট্টগ্রাম



প্রিলিমিনারী টু মাস্টার্স (প্রাইভেট) ভর্তি কমিটি ২০১৬-১৭  
সরকারি কয়ার্স কলেজ, চট্টগ্রাম